ঝিনাইদহে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে রাস্তা নির্মাণের অভিযোগ

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার বারফা গ্রামের মুক্তিযোদ্ধা পরিবারের ৫০ বছরের বসত ভিটার উপর দিয়ে রাস্তা নির্মাণ ও বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে সন্ত্রাসী আশরাফুল ইসলাম খোকন বাহিনী কতৃক রাস্তার জমি দখল ও হুমকি ধামকীর প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগী পরিবার।
শুক্রবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবে মিলনায়তনে পরিবারের পক্ষ থেরক লিখিত বক্তব্য পাঠ করেন অবসর প্রাপ্ত কলেজ শিক্ষক সামসুর রহমান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে তিনি বলেন তাদের পরিবারের সদস্যরা চাকুরি ও পড়াশোনার জন্য গ্রামের বাহিরে অবস্থান করেন। তিনি বৃদ্ধ মা-বাবাসহ গ্রামে বসবাস করেন এবং কৃষিকাজ দেখা শোনা ও তদারকি করেন । এমতাবস্থায় ১৯৯ নং বারফা মৌজার দাগ নং-৫২০ তে ৩৫ শতক জমির উপর আমাদের ৫০ বছরের পুরাতন বসত ভিটা । এসএ রেকর্ড অনুযায়ী বসত ভিটার পাশ দিয়ে বারফা-পরানপুর রাস্তা চলে গিয়েছে। রাস্তাটি আমাদের বসত ভিটার স্থানে বাক ছিলো কিন্তু আরএস রেকর্ডে এসে উক্ত রাস্তা নকশায় সোজা করা হয়েছে ফলে আমার বসতভিটার জমি এক শতক কমে গিয়ে রাস্তা নকশানুসারে আমার বাড়ীর জমিতে ঢুকে পড়ছে। উক্ত সমস্যার প্রতিকারের জন্য আমরা বিজ্ঞ ঝিনাইদহ আদলতে একটি মামলা দায়ের করি । মামলার শুনানিয়ান্তে আদালত তাদের পক্ষে স্থায়ী নিষেধাজ্ঞা জারি করেন।
লিখিত বক্তব্যে আরো অভিযোগ করা হয় এমতাবস্থায় আদালতের এই নিষেধাজ্ঞা অমান্য করে স্থানীয় সন্ত্রাসী আশরাফুল ইসলাম খোকন ও তার সহযোগীরা জোর পূর্বক মুল রাস্তা দখল করে তাদের বসত ভিটার মধ্যে রাস্তার নকশা করে তাদের জমিও দখল করে নিচ্ছে। এবং তার পিতা মাতাসহ তাকে হত্যা ও ঘরবাড়ী জ¦◌ালিয়ে দেওয়ার হুমকি দিয়ে চলেছে এবং আইনের আশ্রয় গ্রহন করলে বা কোন সংবাদিকদের বিষয়টি জানালে পরিস্থিতি আরো খারাপ হতে পারে বলে হুমকী দিচ্ছে। এই পরিস্িেথিত তিনি কালীগঞ্জ থানায় একটি সাধারন ডায়েরি করেছেন। যার নং-১৪৬/২১ তারিখ-০৩/১০/২১ । তিনি অভিযোগ করেন সাধারন ডায়েরির করার পর গ্রামের লোকজন ডেকে খোকন গং তাদের হুমকি দেয় যে গ্রামের কোন ব্যাক্তি তাদের বাড়ী কাজ করতে পারবে না। যদি কেউ কাজ করে তাহলে

তাকে ৫ হাজার টাকা জরিমানা করা হবে এবং হাত পা ভেঙ্গে দেওয়া হবে এবং আমাদের পরিবারের সদস্যদের যেখানে পাবে সেখানেই হত্যা করা হবে।
সংবাদ সম্মেলনে কলেজ শিক্ষক সামসুর রহমান ও তার ছোট ভাই ব্যাংকার সুমন রহমান উপস্থিত থেকে বলেন এমতাবস্থায় তাদের পরিবারের সদস্যগণ এখন জীবন হানির আশংকা করছি। তারা জানান আশরাফুল ইসলামে খোকন বাহিনীর অন্যান্য সদস্য হলেন হযরত (যুবদলের সভাপতি), নজরুল ইসলাম পন্ডিত (বোমা হামলা মামলার সাজাপ্রাপ্ত আসামী), আব্দুল আলী (বিএনপি নেতা),বাচ্চু এবং বাপ্পি।
যে কারনে তাদের পরিবারের নিরাপত্তার জন্য সংবাদ সম্মেলনের মাধ্যমে উপস্খিত মুক্তিযোদ্ধা পরিবারটি উদ্ধর্তন রাজনৈতিক ও প্রশাসনিক কর্মকর্তাসহ স্¦রাষ্ট্রমন্ত্রী ও প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হসিনার দৃষ্টি আকর্ষনপুর্বক সন্ত্রাসীদের গ্রেপ্তার করে দৃষ্টিান্তমুলক শাস্তি প্রদান এবং স্থানিয় প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছেন।

কে এম সালেহ,
ঝিনাইদহ।
মোবাঃ ০১৭১২০৫৩৫৮৬

ঝিনাইদহে বিয়ের প্রলোভন দিখে রাতভর ধর্ষন,যুবক গ্রেফতার

মোবাইলে প্রেম অতপর বিয়ের প্রস্তাব। রাজি হয়ে যায় মেয়েটি। যুবকের কথায় সরল বিশ্বাসে আসেন ঝিনাইদহ শহরের ট বাজার এলাকার একটি আবাসিক হোটেলে। রাতভর ধর্ষন করে হোটেলে মেয়টিকে একা রেখে পালিয়ে যায় যুবক জুবায়ের। এদিকে এ ঘটনায় শুক্রবার মামলা হয় ঝিনাইদহ সদর থানায়।

বিয়ের প্রলোভন দেখিয়ে আবাসিক হোটেলে নিয়ে ধর্ষণের দায়ে র্যাব শুক্রবার সকালে ধর্ষক জুবায়ের হোসেন (২৪) কে শহরের বাসষ্ট্যন্ড এলাকা থেকে গ্রেফতার করে। পুলিশ জানায়, ঝিনাইদহ সদর থানা

রামচন্দ্রপুর গ্রামের ওই যুবতীর সঙ্গে ঝিনাইদহ সদর উপজেলার অশ্বস্থলী গ্রামের শরিফুল ইসলামের ছেলে জুবায়েরের সাথে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। জুবায়ের দ্রত বিদেশ চলে যাবে বলে মেয়েটিকে বিয়ের প্রস্তাব দেয়। মেয়েটি তার কথায় সায় দিয়ে বৃহস্পতিবার ঝিনাইদহ শহরে আসে।

তারা স্বামী স্ত্রী পরিচয় দিয়ে ওঠে একটি আবাসিক হোটেলে। শুক্রবার সকালে এ ঘটনায় ঝিনাইদহ সদর থানায় একটি মামলা হয়, যার নং ১১/২১। ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানি কমান্ডার মেজর মোহাম্মদ শরীফুল আহসান জানান, গোপন সুত্রে খবর পেয়ে ধর্ষক জুবায়েরকে শুক্রবার সকালে গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়।

মর্তে মা দেবী দুর্গার আগমন

আর ক’দিন বাদেই মর্ত্যে আসছেন দেবী দুর্গা। তাইতো প্রতিমা তৈরীতে ব্যস্ত সময় পার করছেন ঝিনাইদহের প্রতিমা শিল্পীরা। লকডাউন শিথিল হওয়ার কারণে হঠাৎ করেই বেড়েছে কাজের চাপ। তাই রাত-দিন পরিশ্রম করে নিপুণ হাতে তৈরী করছেন দেবী দুর্গাকে। করোনা পরিস্থিতিতে যেন স্বাস্থ্যবিধি উপেক্ষিত না হয় সে ব্যাপারে প্রস্তুতি নিয়েছেন সংশ্লিষ্টরাও।

সাধন মন্ডল। গত ১০ বছরের উপর তিনি প্রতিমা তৈরীর মতো গুরুত্বপূর্ণ কাজটি করে আসছেন। তার বাবার হাত ধরেই এ পেশায় আসা। তিনি এবার ১০ টি কাজ করছেন। এক একটি কাজ করে নিচ্ছেন ৩০ হাজার টাকা।

রমেশ মন্ডল। ছোটবেলা থেকেই দাদা-বাবাদের সাথে কাজের হাতেখড়ি। এবার হাতে নিয়েছেন ৬টি কাজ। খুবই ব্যস্ত। তার দলে লোকসংখ্যা বাড়াতে হয়েছে। সবজিনিষের দাম উর্দ্ধগতি। তারপরও সেরা কাজ দিতে পারবেন বলে আশা করেন।

সরেজমিনে ঝিনাইদহ শহরের পুরাতন হাটখোল মন্দির, নবগঙ্গা মন্দির, চাকলাপাড়া মন্দির, ঝিনাইদহ বারোয়ারী পুজা মন্দির, গুলশান পাড়া মন্দির, বনানী পাড়া মন্দির, পাগলাকানাই মন্দির, আরাপপুর মন্দির

ঘুরে দেখা যায়, শিল্পীর নিপুণ হাতে চলছে প্রতিমা তৈরীর কাজ। নিখুঁতভাবে মনের মাধুরী মিশিয়ে কারিগররা ফুটিয়ে তুলছেন দূর্গা দেবীকে।

পাশাপাশি চলছে লক্ষ্মী, স্বরস্বতী, গণেশ ও কার্তিকের প্রতিমা তৈরীর কাজ। কোন মন্ডপে চলছে কাঠামো তৈরী আবার কোথায় করা হচ্ছে মাটির কাজ। সনাতন ধর্ম্বাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গোৎসব ঘনিয়ে আসায় ঝিনাইদহে যেন দম ফেলার ফুরসরত নেই প্রতিমা তৈরীর কারিগরদের। লকডাউন শিথিল হওয়ায় এবার কাজের চাপ বেশি।

তাইতো ভোর থেকে গভীর রাত পর্যন্ত কাজ করতে হচ্ছে তাদের। তবুও খুশি তারা। নতুনত্ব কিছু দিতে না পারলেও সাধ্যমত চেষ্টা করছেন দেবী দুর্গাকে সাজাতে এমনটিই জানালেন কারিগররা। আর সংশ্লিষ্টরা বলছেন, করোনাকালে বেড়েছে সবপ্রকার উপকরণের দাম। তাইতো এবার খরচ একটু বেশি।

জেলা পূজা উদযাপন পরিষদের দেওয়া তথ্য মতে এ বছর জেলার ৬ উপজেলায় ৪৩২ টি মন্ডপে অনুষ্ঠিত হবে দুর্গাপুজা। আগামী ১১ অক্টোর ষষ্টীপুজার মধ্য দিয়ে শুরু হবে দুর্গাপূজার আনুষ্ঠানিকতা।

ঝিনাইদহ সদর উপজেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক উত্তম কুমার গাঙ্গুলী বলেন, মন্দিরে স্বাস্থ্যবিধি দুর্গোৎসব পালনে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

ঝিনাইদহ পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম জানান, এদিকে দুর্গাপূজায় পূজায় সার্বিক নিরাপত্তার বিষয়ে প্রস্তুতি নেওয়া হচ্ছে বলে জানালেন পুলিশ কর্মকর্তা।

শৈলকুপায় ২ কোটি টাকারও বেশী হাতিয়ে নিয়ে লাপাত্তা এনজিও

শৈলকুপা পৌর এলাকার কবিরপুরের সিরাজুল ইসলামের স্ত্রী মৌসুমী আক্তার। সিরাক বাংলাদেশ নামক এক এনজিও থেকে ক্ষ্রুদ্র ঋণ নেওয়ার

ক্ষুদ্রঋণ দান ও কুঠির শিল্প প্রকল্প। যার সনদ নং ০০৩৫৬-০০৮৯৪-০০০৯১। ঋণের পাশ বইয়ে দেখা গেছে ‘‘শিক্ষা জাতির মেরুদন্ড’’ এবং কিছু শর্তের কথা।
কবিরপুরে এনজিওটির ভাড়া বাসার মালিক প্রবাসী আকবর আলীর কন্যা আয়শা আক্তার জানান, তাদের বাসা সিরাক বাংলাদেশ নামের একটি এনজিও ভাড়া নেয়। তাদের সাথে চলতি মাসের ৫ তারিখে চুক্তি হওয়ার কথা ছিল। কিন্ত তার আগেই অনেক গ্রাহকের টাকা নিয়ে তারা পালিয়ে গেছে। কবিরপুরের বাসিন্দা উজ্জল হোসেন জানান, তিনি প্রথম থেকেই বুঝতে পেরেছিলেন এরা প্রতারক। তার আপন ভাগনিও প্রতারনার স্বীকার হয়েছেন বলে জানান।
কবিরপুরের সিরাক বাংলাদেশ নামের এনজিওটি নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা জানান, প্রতারনার স্বীকার কোন গ্রাহক হয়ত সিরাক বাংলাদেশ নামের প্রতিষ্ঠানের ঢাকা অফিসে যোগাযোগের পর ঢাকা অফিস থেকে তারা তাকে টেলিফোনে জানান তাদের প্রতিষ্ঠানের কোন ক্ষুদ্রঋণ কার্যক্রম নাই। শৈলকুপাতে যারা এ কাজটি করেছে তারা প্রতারক চক্র।
শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর আলম বলেন সিরাক বাংলদেশ নামের এনজিও’র কোন গ্রাহক তাদের কাছে কোন অভিযোগ দেয়নি। অভিযোগ দিলে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।
উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাসুদ আহম্মেদ জানান, শৈলকুপাতে সিরাক বাংলাদেশ নামের কোন এনজিও নিবন্ধিত না ঋণ কার্যক্রমের জন্য।

কোটচাঁদপুরে জাতীয় জন্ম-মৃত্যু নিবন্ধন দিবস উদযাপন

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদযাপন করা হয়েছে। উপজেলা প্রশাসনের উদ্যোগে বুধবার জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উপলক্ষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর মডেল থানার অফিসার

ইন্চার্জ (ওসি) মঈন উদ্দীন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা সহকারী প্রোগ্রামার মোঃ জিয়াউর রহমান, প্রেসক্লাব সভাপতি শেখ নজরুল ইসলাম।

সভায় কোটচাঁদপুর পৌর সভার সচিব এনামুল হক ও সেকেন্দার আলী সহ পাঁচ ইউনিয়নের সচিব এবং উদ্যোক্তারা জন্ম ও মৃত্যু নিবন্ধনে কাজের অভিজ্ঞতা তুলে ধরেন।

কোটচাঁদপুরে বিএনপি নেতার উপর হামলার ঘটনায় বিএনপির সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সমাবেশ

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপুর উপর দুর্বৃত্তদের হামলার ঘটনায় সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকালে উপজেলা ও পৌর বিএনপির যৌথ আয়োজনে মেইন বাজার চৌরাস্তা মোড়ে পৌর বিএনপি’র কার্যালয়ে এ সংবাদ সম্মেলন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন পৌর বিএনপি’র সভাপতি এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল। এ সময় দলীয় নেতা কর্মীসহ স্থানীয় সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

বক্তব্যে সিডল বলেন, দু-একটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া কোটচাঁদপুরের রাজনৈতিক প্রেক্ষাপট খুবই শান্ত। আমরা সকলে সহাবস্থানে বিশ্বাসী এবং সে ভাবেই সকলে চলাফেরা করি। অথচ গত সোমবার রাতে দলের সাংগঠনিক সম্পাদক মির্জা টিপুকে সন্ত্রাসীরা পিছন থেকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করে পালিয়ে যায়। তিনি বলেন শাসক গোষ্ঠি অথবা নিজ দলের মধ্যে থাকা কেউ হয়ত কোটচাঁদপুরের পরিবেশকে অশান্ত করার পাঁয়তারা করছে। এ ঘটনার প্রতিবাদ জানিয়ে তিনি বলেন, বিষয়টি নিয়ে আমরা অজ্ঞাত আসামী করে মামলা করেছি। এখন আপনারা (সাংবাদিক) এবং পুলিশ মিলে হামলাকারি কারা তা বের করে তাদের মুখোশ উন্মোচন করবেন বলে আমরা আশা রাখি।

সংবাদ সম্মেলন শেষে কার্যালয়ের সামনে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। প্রতিবাদ সভায় পৌর বিএনপি’র সভাপতি এস,কে,এম সালাহউদ্দীন বুলবুল সিডলের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন- থানা বিএনপি’র সভাপতি আব্দুর রাজ্জাক, জেলা বিএনপি’র সদস্য আবুবক্কর বিশ্বাস, বিএনপি নেতা লিয়াকত আলী, আবুল কাশেম, হারুন অর রশিদ, আঃ রশিদ সরদার, একরামুল হক, মমিন মনোয়ার, মামুন। যুব নেতা আশরাফুজ্জামান খান মুকুল, ফয়েজ আহমেদ তুফান প্রমূখ। এসময় উপজেলা ও পৌর বিএনপি এবং অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালিত

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস- ২০২১ পালিত হয়েছে। এ উপলক্ষে বুধবার সকালে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এসিল্যান্ড সেলিম আহম্মেদের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সবার জন্য প্রয়োজন, জন্ম ও মৃত্যুর পরপরই নিবন্ধন প্রতিপাদ্যের ওপর এই আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা।
এতে বিশেষ অতিথি ছিলেন ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম শিলু।
এ সময় পিআইও জামাল হুসাইন, ইউপি চেয়ারম্যান ফজলুর রহমান, মুনজুরুল আলম মন্জের, সালেহা বেগম মহিলা কলেজের অধ্যক্ষ মোক্তার আলী, শিশুকলি মডেল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়ামত আলী, পৌরসভার প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান, বিভিন্ন ইউনিয়ন পরিষদের সচিব ও হিসাব সহকারি বক্তব্য দেন।
সভাটি সঞ্চালনা করেন উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এসএম আব্দুর রহমান।

কালীগঞ্জে দূর্গাপূজার প্রস্তুতিমুলক সভা: স্বাস্থ্যবিধি নিশ্চিতসহ মাদক নিষিদ্ধ

শারদীয়া দূর্গাপূজা ২০২১ উৎযাপন উপলক্ষে কালীগঞ্জ উপজেলা প্রশাসনের আয়োজনে এক প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়েছে। সভাতে শান্তিপূর্ণ পরিবেশে পূজা উৎসব সম্পন্ন করতে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে।

বুধবার সকালে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে অনুষ্টিত সভাতে কালীগঞ্জ উপজেলা পূজা উৎযাপন পরিষদ, সকল মন্দির কমিটির সভাপতি-সম্পাদক, হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান ঐক্য পরিষদ নেতৃবৃন্দ ও জনপ্রতিনিধি সহ গনমাধ্যম কর্মীগন অংশ নেন।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিনের সভাপতিত্বে সভাতে উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গির সিদ্দিকী ঠান্ডু, সহকারী কমিশনার (ভূমি) ভূপালী সরকার, কালীগঞ্জ থানার অফিসার্স ইনচার্জ মুহাঃ মাহফুজুর রহমান মিয়া, উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী ও শাহানাজ পারভীন।

সভাতে সিদ্ধান্ত গৃহিত হয় যে- এবারে দূর্গাপূজা মন্ডবে আসা সকল দর্শনার্থীদের স্বাস্থ্য বিধি মেনে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে। প্রতিটি মন্দিরের প্রবেশ মুখে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার নিশ্চিতসহ মন্দির কমিটির নিজস্ব সেচ্ছাসেবক দল থাকতে হবে। সকল মন্দিরে ধর্মীয় গান পরিবেশনা সহ নামাজের সময়ে মাইক বন্ধ রাখতে হবে। সেইসাথে মাদক সেবন বন্ধ ছাড়াও জেলা প্রশাসনের অনুমতি ব্যতিত কোন মন্ডবে মেলা বসানো যাবে না। এবারে শান্তিপূর্ণভাবে পূজা উদযাপনে উপজেলা প্রশাসন ও আইন শৃংখলা বাহিনীর সার্বক্ষনিক টহল জোরদার থাকবে।

উল্লেখ্য, এবার কালীগঞ্জ উপজেলাতে মোট ৯৭টি পূজা মন্ডবে দূর্গাপূজা অনুষ্টিত হবে। গত বছরে মোট ৮৮ টি মন্ডবে দূর্গাপূজা অনুষ্ঠিত হয়েছিল।

সভাতে আরো বক্তব্য রাখেন, ইউপি চেয়ারম্যান আলী হোসেন, কালীগঞ্জ পূজা উদযাপন পরিষদের সভাপতি রবিন দত্ত, সাধারন সম্পাদক প্রশান্ত কুমার খা, সোনার বাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবুপদ বিশ্বাস ও হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান ঐক্য পরিষদের সাধারন সম্পাদক উজ্জল অধিকারী প্রমুখ।

ঝিনাইদহে তরী সমাজ কল্যান সংস্থার ১৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ঝিনাইদহে তরী সমাজ কল্যান সংস্থার ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।
মঙ্গলবার সকালে শহরের এইচএসএস সড়কের সিকদার মার্কেটে সংস্থাটির প্রধান কার্যালয়ে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। সংস্থার সভাপতি এফকে কবিতা’র সভাপত্বিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা অফিসের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল সামী। বিশেষ অতিথি ছিলেন সংস্থার প্রধান উপদেষ্টা মুক্তিযোদ্ধা মনোয়ার হোসেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ও এসএ টিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ। অনুষ্ঠান পরিচালনা করেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক হাসান ইমরান রঞ্জু। পরে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কেটে দিনটি উদযাপন করেন অতিথিবৃন্দ।

ঝিনাইদহে জাতীয় জন্ম ও মৃত্যু

নিবন্ধন দিবস পালিত

‘সবার জন্য প্রয়োজন, জন্ম ও মৃত্যুর পরপরই নিবন্ধন’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালিত হয়েছে।
জেলা প্রশাসনের আয়োজনে বুধবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।
এতে জেলা প্রশাসক মজিবর রহমান, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার, স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সালমা সেলিম, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক ডা: জাহিদ আহম্মেদ, জেলা নির্বাচন অফিসার আবু সালেকসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা বক্তব্য রাখেন।
এসময় বক্তারা, সরসারি সেবা পেতে সমাজের সর্বস্তরের মানুষের জন্ম ও মৃত্যু নিবন্ধন করার প্রতি পরামর্শ দেন। সেই সাথে নিবন্ধন সহজীকরণ করতে সরকারের সংশ্লিষ্ট দপ্তরের প্রতি আহ্বান জানান।